গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা স্বাস্থ্য ও প:প:অফিসারের কার্যালয়
রংপুর সদর, রংপুর।

স্মারক নং- ১৩/ খ                                                                                    তারিখঃ ১২/ ০৫ /২০২১

**সভার আমন্ত্রণপত্র**

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রংপুর সদর উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যান সম্পর্কীত স্থায়ী কমিটির সভা আগামী ১৮/০৫/ ২০২১খ্রি: তারিখ ৩'০০ ঘটিকায় জনাব মো: মাকসুদার রহমান মিলন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রংপুর সদর, রংপুর এর সভাপতিত্বে উপজেলা ভাইস চেয়ারম্যানের অফিস কক্ষে স্বাস্থ্যবিধি অনুসরণ করে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথা সময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল।

**আলোচ্য বিষয় ঃ**

১। বিগত সভার কার্যাবলী পঠণ ও অনুমোদন।
২। বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা।
৩। বিবিধ ।

তারিখ: ১২/০৫/২০২১ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের নিমিত্তে প্রেরিত হলো:
০১। চেয়ারম্যান, সদর উপজেলা পরিষদ, রংপুর।
০২। উপজেলা নির্বাহী অফিসার, সদর উপজেলা পরিষদ, রংপুর।
০২। অফিস কপি।

১২/৫/২১

উপজেলা পঃ পঃ কর্মকর্তা
সদর উপজেলা পরিষদ, রংপুর।
ও
সদস্য সচিব
স্বাস্থ্য ও পরিবার কল্যান সংক্রান্ত স্থায়ী কমিটি
সদর উপজেলা পরিষদ, রংপুর।

CamScanner

# উপজেলার স্বাস্থ্য ও পরিবার কল্যান সম্পর্কীত স্থায়ী কমিটির সভার কার্য বিবরনী

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | মোঃ মাসুদার রহমান মিলন , ভাইস চেয়ারম্যান, সদর উপজেলা পরিষদ, রংপুর। |
| সভার তারিখ | ঃ | ১৬/০৫/২০২২ খ্রি |
| সভার সময় | ঃ | বিকাল ৩.৩০ ঘটিকা |
| স্থান | ঃ | ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ |

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা নিম্নরূপ:

| ক্রম | নাম ও পদবী | কমিটির পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১. | মোঃ মাসুদার রহমান মিলন, ভাইস চেয়ারম্যান, সদর উপজেলা পরিষদ, রংপুর। | সভাপতি | স্বা:/- |
| ০২. | চেয়ারম্যান, হরিদেবপুর ইউনিয়ন পরিষদ, সদর উপজেলা পরিষদ, রংপুর। | সদস্য | স্বা:/- |
| ০৩. | চেয়ারম্যান,চন্দনপাট ইউনিয়ন পরিষদ, সদর উপজেলা পরিষদ, রংপুর। | সদস্য | স্বা:/- |
| ০৪. | প্রধান শিক্ষক, হরিদেবপুর উচ্চ বিদ্যালয়, সদর উপজেলা পরিষদ, রংপুর। | সদস্য | স্বা:/- |
| ০৫. | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, সদর উপজেলা পরিষদ, রংপুর। | সদস্য-সচিব | স্বা:/- |

সভাপতি কর্তৃক উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করা হয়। অতঃপর সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। কার্যবিবরণীতে কোন সংশোধনী প্রস্তাব উত্থাপিত না হওয়ায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। অতঃপর সভায় নিম্নরূপ আলোচনা ও

## আলোচনা ও সিদ্ধান্ত সমুহ

০১। **চিকিৎসক স্বল্পতা সংক্রান্ত ঃ** সভায় সদস্য সচিব ও উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা চিকিৎসক স্বল্পতার বিষয়টি সভায় উপস্থাপন করেন। তিনি জানান বর্তমানে ০৪(চার) জন চিকিৎসক দ্বারা চিকিৎসা কাজ অব্যাহত আছে। চিকিৎসক স্বল্পতার জন্য এসএসি এমও দ্বারা জরুরী বিভাগ সহ অন্যান্য বিভাগের চিকিৎসা কাজ সম্পন্ন করা হচ্ছে। তিনি দ্রুত নতুন চিকিৎসক পদায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সভাপতি মহোদয়কে অনুরোধ করেন। সভার সভাপতি ও জীবননগর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান মহোদয় জনাব হাজী মোঃ হাফিজুর রহমান নতুন চিকিৎসক পদায়নের বিষয়টি উপজেলা পরিষদের মাসিক সমন্বয় সভায় উপস্থাপনসহ মাননীয় সংসদ সদস্য মহোদয় ও উর্দ্ধতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত প্রদান করেন।

০২। **অপারেশন সংক্রান্ত ঃ**

সভায় সদস্য সচিব ও উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা সভাকে জানান এ্যানেসথেসিয়া কনসালটেন্ট পদায়ন না থাকায় অপরেশন কার্যক্রম বন্ধ বন্ধ আছে। বর্তমানে সংশ্লিষ্ট অপারেশন সমূহ অব্যাহত রাখার লক্ষ্যে এ্যানেসথেসিয়া চিকিৎসক পদায়ন করার জন্য সিভিল সার্জন, রংপুর মহোদয়ের দৃষ্টি আকর্ষনের সিদ্ধান্ত গৃহীত হয়। সভাপতি মহোদয় জন-স্বার্থে অপারেশনসহ স্বাভাবিক চিকিৎসা সেবা অব্যাহত রাখার লক্ষ্যে অতি সত্বর চিকিৎসকের শুন্য পদ পূরনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উর্দ্ধতনতন কর্তৃপক্ষকে অবহিত করার তাগিদ প্রদান করেন।

০৩। **স্বাস্থ্য কর্মীদের প্রশিক্ষন সংক্রান্ত ঃ**

**সভায় সদস্য সচিব** ও উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা সভায় উপজেলা পরিসদের মাধ্যমে **মাতৃ মৃত্যু ও শিশু মৃত্যুর হার বর্তমান কাংখিত মাত্রায় ধরে রাখার লক্ষ্যে রংপুর সদর** উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স-এর আওতাধীন সন্তান ধারনক্ষম মায়েদের গর্ভ পূর্ব, গর্ভকালীন এবং প্রসব পরবর্তী নিরাপদ মাতৃত সম্পর্কে যত্নবান হওয়ার লক্ষ্যে স্বাস্থ্য কর্মীদের নিরাপদ মাতৃত্ব সম্পর্কে প্রশিক্ষন কর্মশালা আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সভার দৃষ্টি আকর্ষন করেন।সভায় সর্ব সম্মতিক্রমে **সদস্য সচিব** ও উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তার বক্তব্য সমর্থন করেন। সভাপতি মহোদয় বিষয়টি উপজেলা পরিষদে সম্মানিত চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী কর্মকর্তাকে বিষয়টি অবহিত করার জন্য সিদ্ধান্ত প্রদান করেন।

০৪। **কমিউনিটি ক্লিনিক সংক্রান্ত ঃ**

কমিউনিটি ক্লিনিক সংক্রান্ত আলোচনায় সদস্য সচিব ও উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা সভাকে জানান উপজেলায় মোট ২০ (কুড়ি) টি কমিউনিটি ক্লিনিক আছে। বর্তমানে ১৮ জন সিএইচসিপি কর্মরত আছে এবং ০২টি পদ শুন্য আছে। শুন্যপদ পূরনের জন্য ইতিমধ্যে নিয়োগ প্রক্রিয়া শুরু হয়েছে বলে সভাকে অবহিত করেন।

CamScanner

**০৫। পরিবার পরিকল্পনা সংক্রান্ত ঃ**

উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা চন্দনপাট ইউনিয়নে ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র নির্মাণের বিষয়ে জমি রেজিস্ট্রিসহ অবকাঠামো তৈরী শুরু হবে বলে সভাকে অবহিত করেন। খলেয়া ইউনিয়নের এফডব্লিউসি এর সীমানা প্রাচীর নির্মাণের জন্য সরকারি বরাদ্দ প্রদান করা হয়েছে। প্রতিষ্ঠানটির জায়গা বেদখলসহ নিরাপত্তা বিঘ্নিত ঘটছে এবং হাজীপুর এফডব্লিউসি কেন্দ্রটি ২৪ ঘন্টা ডেলিভারী কেন্দ্র হিসাবে বিবেচিত, কিন্তু একমাত্র টয়লেটটি অনেক দূরে অবস্থিত হওয়ায় মোমিনপুর এফডব্লিউসি এবং সংলগ্ন টয়লেট মেরামত সম্পন্ন হওয়ার বিষয়টি সভাকে অবহিত করেন।

উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান বর্তমানে উপজেলায় ৬৮ টি স্যাটেলাইট ক্লিনিক চালু আছে। কিন্তু স্যাটেলাইট ক্লিনিকে কোন চেয়ার না থাকায় আগত রোগীদের সেবাদান কাজ ব্যহত হচ্ছে। তিনি ০৮ টি স্যাটেলাইট ক্লিনিকের জন্য ৬৪ টি চেয়ার সরবরাহের প্রস্তাব উত্থাপন করেন। সভাপতি মহোদয় জন-স্বার্থে স্যাটেলাইট ক্লিনিকে আগত রোগীদের সেবাদান কাজ অব্যাহত রাখার জন্য চেয়ার সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের আশ্বাস ব্যক্ত করেন।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সভার সিদ্ধান্ত সমূহ বাস্তবায়নের জন্য আন্তরিক হওয়ার জন্য আহ্বান জানিয়ে সকলের মঙ্গল ও সু-স্বাস্থ্য কামনা করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোঃ মাসুদার রহমান মিলন)
সভাপতি
স্বাস্থ্য ও পরিবার কল্যান সংক্রান্ত স্থায়ী কমিটি
ও
ভাইস চেয়ারম্যান
সদর উপজেলা পরিষদ, রংপুর।

তারিখঃ ১৬/০৫/২০২২ খ্রি

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের নিমিত্তে প্রেরিত হলোঃ
০১। চেয়ারম্যান, সদর উপজেলা পরিষদ, রংপুর।
০২। উপজেলা নির্বাহী অফিসার, সদর উপজেলা পরিষদ, রংপুর।
০৩। অফিস কপি।

১৬/০৫/২২

উপজেলা পঃ পঃ কর্মকর্তা
সদর উপজেলা পরিষদ, রংপুর।
ও
সদস্য সচিব
স্বাস্থ্য ও পরিবার কল্যান সংক্রান্ত স্থায়ী কমিটি
সদর উপজেলা পরিষদ, রংপুর।